# ছাত্রশিবিরের নতুন সভাপতি নির্বাচিত নুরুল ইসলাম সাদ্দাম



সংগৃহীত ছবি

২০২৬ সেশনের জন্য বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের কেন্দ্রীয় সভাপতি হিসেবে নির্বাচিত হয়েছেন নুরুল ইসলাম সাদ্দাম। রাজধানীর আগারগাঁওয়ে অনুষ্ঠিত কাউন্সিলে সদস্যদের প্রত্যক্ষ ভোটে তিনি এ দায়িত্ব পান।

শুক্রবার (২৬ ডিসেম্বর) রাজধানীর আগারগাঁওয়ের বাংলাদেশ–চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে আয়োজিত এই কাউন্সিলে সংগঠনের সদস্যদের ভোটে ২০২৬ সেশনের জন্য সভাপতি নির্বাচিত হন নুরুল ইসলাম সাদ্দাম।

সংগঠনের গঠনতন্ত্র অনুযায়ী, নবনির্বাচিত সভাপতি দায়িত্ব গ্রহণের পর পরবর্তী সময়ে কেন্দ্রীয় সেক্রেটারি জেনারেল মনোনয়ন দেবেন। এ সংক্রান্ত প্রক্রিয়া বর্তমানে চলমান রয়েছে বলে সংগঠন সূত্র জানিয়েছে।

LENS ASIA

নুরুল ইসলাম সাদ্দাম এর আগে বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের কেন্দ্রীয় সেক্রেটারি জেনারেল হিসেবে দায়িত্ব পালন করেছেন। পাশাপাশি তিনি কেন্দ্রীয় দপ্তর সম্পাদকের দায়িত্বেও ছিলেন। শিক্ষাজীবনে তিনি খুলনা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগ থেকে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। বর্তমানে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত একটি প্রতিষ্ঠানে উদ্যোক্তা অর্থনীতিতে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে অধ্যয়নরত।